



পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

চতুর্থ বর্ষ | ১৭তম সংখ্যা | জানুয়ারি-মার্চ ২০২৩


## ওজোপাডিকো'র ২০তম বার্ষিক সাধারণ সভা



ওজোপাডিকো'র ২০তম বার্ষিক সাধারণ সভা ২০২৩



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর ২০তম বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ হাবিবুর রহমান।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)-এর ২০তম বার্ষিক সাধারণ সভা ২রা মার্চ, ২০২৩ তারিখে ঢাকাস্থ বিদ্যুৎ ভবনের বিজয় হলে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মাহবুবুর রহমান। সভায় সভাপতিত্ব করেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও ওজোপাডিকো পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ নূরুল আলম। উক্ত বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ মোঃ আজহারুল ইসলাম। সভাটি পরিচালনা করেন ওজোপাডিকো'র কোম্পানি সচিব (অ.দা.) জনাব মোহাম্মদ নাজমুল হুদা। এছাড়াও সভায় পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ, শেয়ারহোল্ডারগণসহ বিভিন্ন সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ ও ওজোপাডিকো'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ওজোপাডিকোতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন

''স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন, শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন'' এই স্লোগানকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ঢাকাস্থ বিদ্যুৎ ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ নূরুল আলম। এ সময় আরও উপস্থিত ছিলেন

|বাকি অংশ ২য় পাতায়|



ঢাকাস্থ বিদ্যুৎ ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ

# ওজোপাডিকোতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন




শহীদ হাদিস পার্কে অবস্থিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ

যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ওজোপাডিকোতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে ওজোপাডিকো'র সদর দপ্তরসহ আওতাধীন সকল ভবনে বাংলাদেশ ফ্লাগ রুলস অনুসরণ করে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মধ্য দিয়ে দিবসটির উদযাপন কার্যক্রম শুরু হয়। এরপর ওজোপাডিকো'র বিক্রয় ও বিতরণ বিভাগ-১, খুলনা এর অফিস চত্বর হতে সকাল ৭.৩০ মিনিটে প্রভাতফেরির মাধ্যমে যাত্রা শুরু করে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শহিদ হাদিস পার্কে স্থাপিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ এফসিএমএ, নির্বাহী পরিচালক (পরিচালন) জনাব মোঃ শামছুল আলম, নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম, |বাকি অংশ ৪র্থ পাতায়|

## বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস

(১ম পাতার পর)



জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণ

বিদ্যুৎ বিভাগের উপসচিব (পরিকল্পনা-৪ অধিশাখা) ও ওজোপাডিকো'র পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মাকসুদা খন্দকার, ওজোপাডিকো'র নির্বাহী পরিচালক (পরিচালন) প্রকৌঃ মোঃ শামছুল আলম, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব এ এন এম মোস্তাফিজুর রহমানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। দিবসটি যথাযথ মর্যাদায় পালন উপলক্ষ্যে ওজোপাডিকো'র সদর দপ্তর-এর উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম। ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক ওজোপাডিকো হাইস্কুলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে শিশুদের নিয়ে কেক কাটেন। এ সময় বঙ্গবন্ধুর জীবনী নিয়ে আলোচনা সভা, রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ও বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানসমূহে আর ও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ এফসিএমএ, নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম, প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান, উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন) জনাব মোঃ আলমগীর কবীর, কোম্পানি সচিব (অঃ দাঃ) মোহাম্মদ নাজমুল হুদা ও ওজোপাডিকো'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। এছাড়াও ওজোপাডিকো'র সকল সার্কেল ও এর আওতাধীন সকল বিক্রয় ও বিতরণ বিভাগ এবং বিদ্যুৎ সরবরাহ ইউনিটে যথাযথ উৎসাহ ও উদ্দীপনার সাথে দিবসটি পালন করা হয়।

## খুলনায় অনুষ্ঠিত তথ্য মেলায়

(শেষ পাতার পর)

খুলনার জেলা প্রশাসক জনাব ইয়াসিন কাউছার এর নিকট হতে ওজোপাডিকো'র পক্ষ হতে পুরস্কার গ্রহণ করেন জনাব মোঃ আলমগীর কবীর, উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন)। এ সময় আরও উপস্থিত ছিলেন নির্বাহী প্রকৌশলী (আইসিটি) জনাব মোঃ মোশাররফ হোসেন, সহকারী প্রকৌশলী (স্থাপত্য) জনাব নুরুন নাহার নুপুর ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## ওজোপাডিকো'র

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন

২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে খুলনাস্থ গল্লামারী শহিদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ। এ সময় আরও উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম, প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান ও ওজোপাডিকো'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ।

গল্লামারী শহিদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের পর ওজোপাডিকো এর কনফারেন্স রুমে ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ এর উপর ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ওজোপাডিকো'র সকল সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও সকল দপ্তরের দপ্তর প্রধানগণ ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত ছিলো। আলোচনা সভায় কর্মকর্তাগণ বাংলাদেশে স্বাধীনতা সংগ্রামের সূত্রপাত, মহান মুক্তিযুদ্ধ, স্বাধীনতা অর্জনে জাতির পিতার অবদান, সকল মুক্তিযোদ্ধা ও শহিদদের আত্মত্যাগসহ তাদের



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে গল্লামারী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ

ত্যাগ তিতীক্ষার কথা তুলে ধরেন। এছাড়াও বক্তাগণ বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য আহবান জানান। উল্লেখ্য ওজোপাডিকো হাইস্কুলের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতিতে আলোচনা সভা ও শিশুদের মাঝে কবিতা আবৃতি ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং ওজোপাডিকো'র আওতাধীন সকল এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়।




ওজোপাডিকো'র বিভিন্ন পরিচালন ও সংরক্ষণ সার্কেলে ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস- ২০২৩ উদযাপন

## ওজোপাডিকো'র বিভিন্ন সার্কেল ও এর আওতাধীন বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগ পরিদর্শন



ফুলেল শুভেচ্ছা বিনিময়

নির্বাহী পরিচালক (পরিচালন) প্রকৌঃ মোঃ শামছুল আলম ও নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম ওজোপাডিকো'র বিভিন্ন সার্কেল ও এর আওতাধীন বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগ পরিদর্শন করেন। তাঁদের সঙ্গে আরও উপস্থতি ছিলেন প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান ও তত্ত্বাবধায়ক প্রকৌঃ (সিস্টেম কন্ট্রোল এন্ড প্রটেকশন) মোঃ আব্দুল মজিদ। তাঁরা সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও বিক্রয় ও বিতরণ বিভাগের কর্মকর্তাদের সাথে বিভিন্ন বিষয়ে আলাপ আলোচনা করেন।



ফুলেল শুভেচ্ছা বিনিময়


## নানা আয়োজনে ওজোপাডিকোতে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন



ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে আলোচনা সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে ওজোপাডিকো'র পক্ষ হতে বিভিন্ন রকম কর্মসূচি পালিত হয়েছে। দিনের প্রথম কর্মসূচি পালিত হয় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। জাতীয় পতাকা উত্তোলনের সময় উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ; নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম; প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আব্দুল মজিদ; উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন) মোঃ আলমগীর কবীর ও ওজোপাডিকো'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। এরপর ওজোপাডিকোর কর্মকর্তা কর্মচারিবৃন্দ সকাল সাতটা তিরিশ মিনিটে শহিদ হাদিস পার্কে উপস্থিত হন। সেখান থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করার উদ্দেশ্যে সকাল আটটায় র‍্যালি নিয়ে খুলনা কালেক্টরেট প্রাঙ্গণে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতির নিকট পৌঁছান সকলে। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে ভার্চুয়াল আলোচনা ছিল গুরুত্বপূর্ণ কর্মসূচি। ওজোপাডিকো, সদর দপ্তর, খুলনা এর কনফারেন্স রুমের সাথে সাথে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন ছয়টি পরিচালন ও সংরক্ষণ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ। আলাচনা সভার প্রধান অতিথি ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম ভার্চুয়ালি অংশগ্রহণ করেন। আলোচনা সভায় প্রধান বক্তাসহ অন্যান্য বক্তাগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সংগ্রামী চেতনা ও ঐতিহাসিক ৭ মার্চ এর ঘোষণাকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে আলোচনা করেন। এছাড়া অন্যান্য কর্মসূচির মধ্যে ছিলো ওজোপাডিকো'র সদর দপ্তর, পরিচালন ও সংরক্ষণ সার্কেল ও বিভিন্ন দপ্তর আলোকসজ্জা করা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ প্রচার করা।

## অডিট সংক্রান্ত প্রশিক্ষণ



প্রশিক্ষণ গ্রহণের চিত্র

১২/০১/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউট কর্তৃক অডিট পরিচালনা ও অডিট প্রতিষ্ঠান কর্তৃক অডিট আপত্তি সংক্রান্ত জবাব প্রদান প্রক্রিয়া সহজীকরণে 'এএমএমএস সফট' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। উক্ত কোর্সে প্রশিক্ষণ প্রদান করেন মোঃ আজিজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (অডিট), মোঃ রেজাউল করিম, উপ পরিচালক ও মোঃ এনামুল হক, সহকারী ব্যবস্থাপক, বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তর এবং প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র সদর দপ্তর ও বিভিন্ন আঞ্চলিক হিসাব দপ্তরের কর্মকর্তাগণ।


## আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন (২য় পাতার পর)



পরিচালন ও সংরক্ষণ সার্কেল, বরিশাল এর মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন

প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব এ.এন.এম মোস্তাফিজুর রহমান ও ওজোপাডিকো'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। দিবসটিকে কেন্দ্র করে সকাল দশটায় ওজোপাডিকো'র সদর দপ্তরের সভাকক্ষে 'বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত ভার্চুয়াল আলোচনা সভায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলামসহ সদর দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ। এছাড়াও ওজোপাডিকো সদর দপ্তর, খুলনা এর কনফারেন্স রুমের সাথে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন ছয়টি পরিচালন ও সংরক্ষণ সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ। আলোচনা সভায় আলোচকগণ বাংলা ভাষার ইতিহাস, ঐতিহ্য, বাংলা ভাষার প্রতি পাকিস্তানি শাসক গোষ্ঠীর মনোভাব, ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর অবদান ইত্যাদি বিষয়ে আলোচনা করেন এবং ভাষা আন্দোলনে শহিদ সালাম, বরকত, রফিক, শফিউর, জব্বারসহ নাম না জানা সকলকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। আলোচনা অনুষ্ঠানের শেষ পর্যায়ে শহিদদের স্মরণে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

# নবনিযুক্ত এসবিএ (শিক্ষানবিশ)-দের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান



সমাপনী অনুষ্ঠান শেষে ক্যামেরাবন্দি

বিগত ০৫/০২/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার নবনিযুক্ত এসবিএ (শিক্ষানবিশ)-দের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান সম্পন্ন হয়। ০৩/০১/২০২৩ তারিখে যোগদানকৃত ৪৭ জন এসবিএ- দের বুনিয়াদি প্রশিক্ষণ শুরু হয় ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউটের তত্ত্বাবধানে। দুই ধাপে এই বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ; নির্বাহী পরিচালক (অপারেশন) প্রকৌ: মোঃ শামছুল আলম, নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম, প্রধান প্রকৌশলী (ইএসসিএস) জনাব মোঃ আবু হাসান, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন) মোঃ আলমগীর কবীর, কোম্পানি সচিব (অতি: দা:) মোহাম্মদ নাজমুল হুদা ও মোঃ হাবিবুর রহমান, নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট। প্রধান অতিথির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক নবনিযুক্ত এসবিএ (শিক্ষানবিশ)-দের সততা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান। উল্লেখ্য 'প্রশিক্ষণ দক্ষতা বাড়ায়' এই স্লোগানকে সামনে রেখে ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করে থাকে।

## পটুয়াখালী সার্কেলে
## সেচ কার্যক্রমে বিদ্যুৎ সরবরাহ পর্যবেক্ষণ

পরিচালন ও সংরক্ষণ সার্কেল পটুয়াখালী এর আওতাধীন বিভিন্ন এলাকায় পরিদর্শন করেন জনাব সি এফ কে মোসাদ্দেক আহমেদ, সদস্য (বিতরণ), বিউবো, ঢাকা। এসময় তাকে ফুলেল শুভেচ্ছা জানান পরিচালন ও সংরক্ষণ সার্কেল পটুয়াখালী, ওজোপাডিকো'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী অমূল্য কুমার সরকার (ভারপ্রাপ্ত)। সারা দেশে সেচ কার্যক্রমের সময় বিদ্যুৎ সরবরাহ পর্যবেক্ষণের অংশ হিসেবে তিনি পরিচালন ও সংরক্ষণ সার্কেল, পটুয়াখালী এর আওতাধীন বিভিন্ন এলাকা পরিদর্শন করেন এবং সন্তোষ প্রকাশ করেন।



সদস্য (বিতরণ), বিউবো, জনাব সি এফ কে মোসাদ্দেক আহমেদকে ফুলেল শুভেচ্ছা

## ওজোপাডিকো'র সদর দপ্তরের হিসাব শাখার কর্মকর্তাগণের সকল আঞ্চলিক হিসাব দপ্তর পরিদর্শন

২০২২-২০২৩ অর্থ বছরে ওজোপাডিকো'র বিভিন্ন দপ্তরের প্রাক্কলিত বাজেট প্রণয়নের জন্য আলোচনা ও বাজেট সভা অনুষ্ঠিত হয়। এর অংশ হিসেবে ওজোপাডিকো'র সদর দপ্তরের হিসাব শাখার কর্মকর্তাগণ গত ০৩/০৫/২৩ হতে ১৭/০৫/২৩ তারিখ পর্যন্ত ওজোপাডিকো'র আওতাধীন সকল আঞ্চলিক হিসাব দপ্তর পরিদর্শন করেন। হিসাব শাখার কর্মকর্তাগণের মধ্যে ছিলেন মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব এ এন এম মোস্তাফিজুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (অর্থ) জনাব মো: মোখলেছুর রহমান, ব্যবস্থাপক (হিসাব) জনাব মো: আফসার হাসান সহ অন্যান্য কর্মকর্তাগণ।



আঞ্চলিক হিসাব দপ্তর, ফরিদপুর হিসাব শাখার কর্মকর্তাগণ

# বার্ষিক বনভোজন-২০২৩ আয়োজন




পুরস্কার গ্রহণ

পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো, যশোরের তত্ত্বাবধানে রাজারহাটের ক্ষণিকা পিকনিক স্পটে বার্ষিক বনভোজন-২০২৩ আয়োজন করা হয়। উক্ত বার্ষিক বনভোজন-২০২৩ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) জনাব মোঃ আবু হাসান ও তত্ত্বাবধায়ক প্রকৌ: (প্রকল্প পরিচালক) জনাব মোঃ সাইফুজ্জামান। এছাড়াও পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো-এর সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। বনভোজনে গুরুত্বপূর্ণ অংশ ছিলো শিশুদের মার্বেল দৌড়, কর্মকর্তাদের বল নিক্ষেপ ও কর্মকর্তাদের সহধর্মিনীদের বালিশ নিক্ষেপ।

বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ সহ উপস্থতি বিশেষ অতিথিগণ।


# পিঠা উৎসব -২০২৩ উদ্বোধন



পিঠা উৎসবের উদ্বোধন

২৮/০১/২০২৩ তারিখ রোজ শনিবার পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো, কুষ্টিয়া কর্তৃক আয়োজিত পিঠ উৎসব উদ্বোধন করেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান অতিথি প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম। এসময় তাঁর সহধর্মিনীও উপস্থিত ছিলেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অপারেশন) প্রকৌ: মোঃ শামছুল আলম ও নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ আখেরুল ইসলাম। এ উৎসবে পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো, কুষ্টিয়া এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জাহান-ই-শবনম সহ সার্কেলের আওতাধীন সকল বিক্রয় ও বিতরণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।


# ওজোপাডিকো হাই স্কুল কর্তৃক শিক্ষার্থীদের মাঝে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন



বক্তব্য প্রদান করছেন ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ উদযাপন উপলক্ষ্যে ওজোপাডিকো হাইস্কুল কর্তৃক শিক্ষার্থীদের মাঝে রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কুইজ প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক (অর্থ), নির্বাহী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন); প্রধান প্রকৌশলী (এনার্জি, সিস্টেম কন্ট্রোল ও সার্ভিসেস) ও ওজোপাডিকোর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ। রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন এবং অনুষ্ঠানের শেষ পর্যায়ে সকল ভাষা শহিদের জন্য দোয়া করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সভাপতি, ওজোপাডিকো হাইস্কুল।

# মেধাবীমুখ



**Md. Shafiqul Islam**
Incoming Ph.D student &
Graduate Assistant Researcher (GAR)
Texas A&M University

মোঃ শফিকুল ইসলাম ২০২৩ শিক্ষাবর্ষের ফল সেশনে মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্ববিখ্যাত বিশ্ববিদ্যালয় Texas A&M University-তে ম্যাটেরিয়াল স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে Ph.D. (পিএইচডি) প্রোগ্রামে ফুল ফ্রি স্কলারশিপ পেয়েছে। তাকে Texas A&M University থেকে শতভাগ টিউশন ফি মওকুফের পাশাপাশি গ্রাজুয়েট এ্যাসিস্ট্যান্ট রিসার্চার (GAR) হিসেবে Full-funded স্কলারশিপ প্রদান করা হয়েছে।

মোঃ শফিকুল ইসলাম ২০২২ সালে বুয়েট থেকে গ্রাজুয়েশন শেষ করে বুয়েটে ম্যাটেরিয়ালস রিসার্চ সেন্টারে গবেষণা সহকারী হিসেবে কর্মরত ছিল। বুয়েটে অধ্যয়নকালেই তার বেশ কয়েকটি Q1) গবেষণাপত্র আন্তর্জাতিক বিভিন্ন জার্নালে প্রকাশিত হয়েছে। ইতোপূর্বে সে (Ranked বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় সফলতার সাথে বোর্ড বৃত্তি লাভ করে।

তার পিতা মোঃ আবুল বাশার ওজোপাডিকোর সদর দপ্তরে চিকিৎসা সহকারী হিসেবে কর্মরত আছেন এবং মাতা সালমা খানম একজন গৃহিণী।

# গ্রীষ্মকালীন বিভিন্ন রোগের কারণ ও প্রতিকার

মোঃ আবুল বাশার*



তীব্র গরমে শরীরের উপর মারাত্মক প্রভাব পড়ে। তাই গ্রীষ্মকাল অসুস্থ হওয়ার একটি সময়। উষ্ণ আবহাওয়া এবং বর্ধিত আর্দ্রতা জীবাণুর জন্য নিখুঁত প্রজনন স্থান তৈরি করতে পারে এবং অনেকেই গ্রীষ্মের অসুস্থতার সাথে লড়াই করে।

**এখানে কিছু সাধারণ গ্রীষ্মকালীন রোগ এবং তাদের প্রতিকার আলোচনা করা হলো:**

**১. ঘামাচি:** ঘামাচি ত্বকের সাধারণ অবস্থা যা ঘটে যখন ঘাম ত্বক থেকে বাষ্পীভূত হতে পারে না। এটি ছোট, লাল ফুসকুড়ি দ্বারা চিহ্নিত করা হয় যা সাধারণত বুক, পিঠ এবং পেটে প্রদর্শিত হয়। ঘামাচি সাধারণত গুরুতর নয় এবং ঠান্ডা এবং শুকনো রেখে চিকিৎসা করা যেতে পারে।

**২. সানবার্ন:** রোদে পোড়া একটি বেদনাদায়ক অবস্থা যা ঘটে যখন ত্বক সূর্যের অতিবেগুনী (UV) বিকিরণের সংস্পর্শে আসে। রোদে পোড়া লালভাব, ব্যথা, ফোলাভাব এবং ফোসকা হতে পারে। সানগ্লাস, প্রতিরক্ষামূলক পোশাক, টুপি পরা, এবং ছাতা ব্যবহারের মাধ্যমে রোদে পোড়া প্রতিরোধ করা যায়।

**৩. ডিহাইড্রেশন:** ডিহাইড্রেশন ঘটে যখন শরীর যত বেশি তরল গ্রহণ করে তার চেয়ে বেশি হারায়। এটি গরম আবহাওয়ার সময় ঘটতে পারে, যখন মানুষ বেশি ঘামে। ডিহাইড্রেশন ক্লান্তি, মাথাব্যথা, মাথা ঘোরা এবং পেশী ক্র্যাম্প হতে পারে। পানি, জুস এবং ফলমূলের মতো প্রচুর তরল পান করে ডিহাইড্রেশন প্রতিরোধ করা যেতে পারে।

**৪. ফুড পয়জনিং:** ফুড পয়জনিং হল দূষিত খাবার খাওয়ার ফলে সৃষ্ট একটি অসুখ। খাদ্য বিষাক্ততার লক্ষণগুলির মধ্যে বমিবমি ভাব, ডায়ারিয়া, আমাশয়, এবং পেটে ব্যথা অন্তর্ভুক্ত থাকতে পারে। নিরাপদ খাদ্য গ্রহণের অভ্যাসগুলি অনুসরণ করে খাদ্য বিষক্রিয়া প্রতিরোধ করা যেতে পারে। যেমন সঠিক তাপমাত্রায় খাবার রান্না করা, ভালোভাবে হাত ধোয়া। এসবের ফলে পানি ও খাবারবাহিত রোগের প্রকোপ বৃদ্ধি পায়। এরমধ্যে একটি বড় সমস্যা হলো জন্ডিস।

**৫. হিটস্ট্রোক:** গরমের সময়ের একটি মারাত্মক স্বাস্থ্যগত সমস্যার নাম হিটস্ট্রোক। চিকিৎসাশাস্ত্র অনুযায়ী প্রচণ্ড গরম আবহাওয়ায় শরীরের তাপ নিয়ন্ত্রণ ক্ষমতা নষ্ট হয়ে শরীরের তাপমাত্রা ১০৫ ডিগ্রি ফারেনহাইট ছাড়িয়ে গেলে তাকে হিটস্ট্রোক বলে। আপনি যদি মনে করেন আপনার গ্রীষ্মকালীন অসুখ হয়েছে, তাহলে ডাক্তার দেখানো জরুরী। প্রাথমিক চিকিৎসা এসব জটিলতা প্রতিরোধ করতে সাহায্য করতে পারে।

**গরমে সুস্থ থাকার জন্য এখানে কিছু টিপস দেওয়া হল:**

১. সরাসরি রোদে যাওয়া থেকে বা অধিক পরিশ্রম থেকে বিরত থাকুন। বিশেষ করে বেলা ১১টা থেকে তিনটা পর্যন্ত সরাসরি রোদে যাবেন না। এই সময়টা দিনের সবচেয়ে বেশি গরম থাকে।

২. সূর্যের আলো থেকে চোখ সুরক্ষার জন্য সানগ্লাস ব্যবহার করুন। এছাড়া সূর্যের আলোয় সরাসরি যাওয়ার পরিবর্তে মাথায় ছাতা, টুপি, পায়ে জুতা-স্যান্ডেল ব্যবহার করুন।

৩. তৃষ্ণা না পেলেও প্রচুর পানি পান করুন। পানি ছাড়াও ডাব, জুস, লাচ্ছি, লেবুপানি, দই প্রভৃতি খেতে পারেন। এতে শরীর আর্দ্র থাকবে।

৪. উচ্চ প্রোটিনযুক্ত খাবারের পরিবর্তে অল্প অল্প খান।

৫. কোথাও যাওয়ার আগে সঙ্গে পানি অবশ্যই নেবেন।

*মেডিকেল এ্যাসিস্ট্যান্ট
বিএমএন্ডডিসি রেজিস্ট্রেশান নং - ডি১৭৮৯,
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
বয়রা, বিদ্যুৎ ভবন সদর দপ্তর, খুলনা

## বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান (১ম পাতার পর)



নবনিযুক্ত কর্মকর্তাগণের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক প্রকৌ: জনাব মোঃ আজহারুল ইসলাম কর্তৃক প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

জনাব মোহাম্মদ নাজমুল হুদা, ব্যবস্থাপক (প্রশাসন)।

উল্লেখ্য উক্ত মাসব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে নবনিযুক্ত কর্মকর্তাদের বিবিধ বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এরমধ্যে অন্যতম হল পাওয়ার সেক্টর সম্পর্কে আলোচনা, ই-নথি, ইআরপি, সার্ভিস রুলস, অডিট, বিদ্যুৎ আইন, তথ্য অধিকার আইন, আর্থিক বিধি, ওজোপাডিকোর বাণিজ্যিক কার্যক্রম, ভ্যাট, ট্যাক্স, প্রকিউরমেন্ট সফটওয়ার, মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, কনফ্লিক্ট ম্যানেজমেন্ট, মানবীয় আচরণের নিয়ম-কানুন, ড্রেস কোড, শারীরিক শিক্ষাসহ প্রতিষ্ঠান সম্পর্কিত নানা বিষয়। পনের জন কর্মকর্তা। (ব্যবস্থাপক/ উপ-ব্যবস্থাপক / সহকারী ব্যবস্থাপক) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করেন।

## ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে নবনিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান




ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে নবনিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান

০৩/০১/২০২৩ তারিখ রোজ রবিবার ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউটে নবনিযুক্ত কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী জনাব মোঃ আজহারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব রতন কুমার দেবনাথ, নির্বাহী পরিচালক (অর্থ), প্রকৌঃ জনাব মোঃ শামসুল আলম, নির্বাহী পরিচালক (পরিচালন ও সংরক্ষণ), প্রকৌঃ জনাব মোঃ আখেরুল ইসলাম, নির্বাহী পরিচালক (পিএন্ডডি)। আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ আলমগীর কবীর, উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম এন্ড এডমিন)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এবং সঞ্চালনার দায়িত্ব পালন করেন |বাকি অংশ ৭ম পাতায়|

## খুলনায় অনুষ্ঠিত তথ্য মেলায় ওজোপাডিকো'র ১ম স্থান অর্জন



তথ্য মেলায় ১ম স্থান অর্জনের পুরস্কার গ্রহণের চিত্র


তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে সাধারণ জনগণকে সচেতন করার লক্ষ্যে জেলা প্রশাসন, খুলনা ও সচেতন নাগরিক সমাজ (সনাক) এর যৌথ উদ্যোগে গত ২০ ও ২১ মার্চ খুলনা'র গোলকমনি শিশুপার্ক মাঠে আয়োজিত তথ্য মেলা-২০২৩ এ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) নির্বাচকদের বিচারে ১ম স্থান অর্জনসহ চারটি ক্যাটগরিতে বিভিন্ন পুরস্কার অর্জন করেছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত |বাকি অংশ ২য় পাতায়|

## ওজোপাডিকো হাইস্কুলে বই উৎসব




বক্তব্য প্রদান করছেন প্রধান প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান

প্রতিবারের ন্যায় ২০২৩ সালের ১ জানুয়ারি আনন্দ ও উদ্দীপনার সাথে ওজোপাডিকো হাইস্কুলের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়। বই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত প্রধান প্রকৌশলী (ওএন্ডএম, এসএন্ডডি) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সভাপতি, ওজোপাডিকো হাইস্কুল। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জাহিদ হোসেন, অভিভাবক প্রতিনিধি, ওজোপাডিকো হাইস্কুল; জনাব হাজি মোঃ মোতালেব, অভিভাবক প্রতিনিধি, ওজোপাডিকো হাইস্কুল। উক্ত বই উৎসবে সভাপতিত্ব করেন ওজোপাডিকো হাইস্কুলের প্রধান শিক্ষিকা জনাব রেবেকা সুলতানা। উল্লেখ্য বর্তমানে ওজোপাডিকো হাইস্কুলে ষষ্ঠ হতে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীর সংখ্যা ৩১৫ জন। বরাবরের ন্যায় এবারও বইয়ের প্রচ্ছদে নতুনত্ব আনা হয়েছে। পাঠ্যপুস্তকের মলাটে বঙ্গবন্ধু, স্বাধীনতা, মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন, ঐতিহাসিক স্থানসহ সরকারের নানামুখী উন্নয়ন কর্মকান্ডের বিভিন্ন স্থিরচিত্র ক্যাপশনসহ সংযোজন করা হয়েছে। শিক্ষার্থীরাও নতুন বই পেয়ে আনন্দিত।



নতুন বই হাতে শিক্ষার্থীবৃন্দ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০, বাংলাদেশ
ফোন: +৮৮০-২৪৪-১১১৫৭৪, +৮৮০-২৪৪-১১১৫৭৫, +৮৮০-২৪৪-১১১৫৭৬, ফ্যাক্স: +৮৮০-৪১-৭৩১৭৮৬
ই-মেইল: md@wzpdcl.org.bd, wzpdcl.md@gmail.com | web: www.wzpdcl.org.bd